নগরভবনেই এডিস মশার লার্ভা, ২ লাখ টাকা জরিমানা

ঢাকা উত্তর সিটি করপোরেশন (ডিএনসিসি) নগরভবনের বেইজমেন্টেই পাওয়া গেছে এডিস মশার বংশবিস্তারের মতো পরিবেশ। শনিবার ডিএনসিসির নির্বাহী ম্যাজিস্ট্রেট সাজিদ আনোয়ারের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালতের অভিযানকালে বিষয়টি ধরা পড়ে। এ ঘটনায় নগর ভবনের মালিকানাধীন প্রতিষ্ঠান ইউনাইটেড গ্রুপকে দুই লাখ টাকা জরিমানা করা হয়েছে।

গুলশান-২ নম্বর গোলচত্বরের পাশে অবস্থিত ডিএনসিসি নগরভবনের একাংশের মালিক ইউনাইটেড গ্রুপ। শনিবার ভবনটির বেইজমেন্টে অভিযান চালায় ডিএনসিসির ভ্রাম্যমাণ আদালত। এ সময় বেইজমেন্টে অপরিচ্ছন্ন ও স্যাঁতসেঁতে পরিবেশ এবং দীর্ঘদিন জমে থাকা পানিতে এডিস মশার লার্ভা, এডিস মশার বংশবিস্তারের উপযোগী পরিবেশ দেখতে পান ম্যাজিস্ট্রেট। এই অপরাধে ভ্রাম্যমাণ আদালত ইউনাইটেড গ্রুপকে স্থানীয় সরকার (সিটি করপোরেশন) আইন, ২০০৯ অনুযায়ী দুই লাখ টাকা জরিমানা করেন। ম্যাজিস্ট্রেট সাজিদ আনোয়ার জানান, ডিএনসিসির ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত থাকবে।